

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৪৩(আগরতলা-১৪।০৩)

শান্তিরবাজার, ১৪ মার্চ, ২০১৯

## ২১ মার্চ শান্তিরবাজারে বসন্ত উৎসব

শান্তিরবাজার মহকুমাভিত্তিক বসন্ত উৎসব আগামী ২১ মার্চ বিকেল ৫টায় শান্তিরবাজার কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে। তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তর এবং শান্তিরবাজার পুরপরিষদ যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করেছে। মহকুমা এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ বসন্ত উৎসব উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত ও নৃত্য পরিবেশন করবেন। সম্প্রতি শান্তিরবাজার মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে অনুষ্ঠিত এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভা থেকে অনুষ্ঠানকে সার্বিকভাবে সফল করে তোলার লক্ষ্যে শান্তিরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাসকে সভাপতি এবং মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক মিঠন দত্তকে আহ্বায়ক করে একটি প্রস্তুতি কমিটি গঠন করা হয়।

\*\*\*\*\*